



শেখ হাসিনার
মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
www.dncc.gov.bd

নম্বর: ৪৬.১০.০০০০.০০৬.৯৯.০০৫.২০.২০

তারিখ: ১১ বৈশাখ ১৪২৭
২৪ এপ্রিল ২০২০

অফিস আদেশ

করোনা ভাইরাস পরিস্থিতির কারণে সৃষ্ট দুর্যোগে কর্মহীন হয়ে পড়া বিভিন্ন শ্রেণি-পেশার মানুষকে কার্ডের মাধ্যমে খাদ্য সহায়তা প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তারই আলোকে সম্প্রতি “করোনা ভাইরাস পরিস্থিতিতে সৃষ্ট দুর্যোগে বিশেষ মানবিক সহায়তা বাস্তবায়ন নির্দেশিকা – ২০২০” জারি হয়েছে।

এটুআই (a2i) প্রোগ্রামের সহায়তায় জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ এবং মোবাইল নম্বর ব্যবহারের মাধ্যমে মানবিক সহায়তা কর্মসূচির আওতাভুক্ত ব্যক্তি/পরিবার (অনুচ্ছেদ-৫) তথা উপকারভোগীদের একটি QR কার্ড তৈরির মাধ্যমে নির্ভুল সেন্ট্রাল ডাটাবেজ তৈরির জন্য নির্দেশনা রয়েছে। উপকারভোগীদের তালিকা প্রণয়নের একটি নমুনা ফরম নির্দেশিকার সাথে সংযুক্ত রয়েছে।

নির্দেশিকার ১৩ নং অনুচ্ছেদে বর্ণিত “সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিটি” ট্রাণ পাওয়ার যোগ্য জনগোষ্ঠীর তালিকা প্রণয়ন করবে এবং ১১ নং অনুচ্ছেদে বর্ণিত “সিটি কর্পোরেশন কমিটি” উক্ত তালিকা যাচাইপূর্বক অনুমোদন প্রদান করবে।

এ অবস্থায়, বিশেষ মানবিক সহায়তা বাস্তবায়ন নির্দেশিকা-২০২০ এর আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে ওয়ার্ড ভিত্তিক সুবিধাভোগীদের তালিকা প্রণয়নের কার্যক্রম সার্বিকভাবে সমন্বয়ের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে যথাক্রমে ফোকাল পয়েন্ট ও ডেপুটি ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব প্রদান করা হলো।

ক্রম	কর্মকর্তার নাম ও পদবি	মোবাইল	দায়িত্ব
১	রিগেডিয়ার জেনারেল মুহঃ আমিনুল ইসলাম, পিএসসি প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।	০১৭১৬-৯৩০২৭২	ফোকাল পয়েন্ট
২	জনাব মোঃ তুহিনুল ইসলাম, সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	০১৭৬৫-৬৭৫৫৮৪	ডেপুটি ফোকাল পয়েন্ট

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং তা অনতিবিলম্বে কার্যকর হবে।

সংযুক্ত : “করোনা ভাইরাস পরিস্থিতিতে সৃষ্ট দুর্যোগে বিশেষ মানবিক সহায়তা বাস্তবায়ন নির্দেশিকা – ২০২০”

২৪-৪-২০২০

মোঃ আবদুল হাই
প্রধান নির্বাহী কর্মকর্তা

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় /স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (ঢাকা জেলার ত্রাণ কার্যক্রম সমন্বয়ের দায়িত্বপ্রাপ্ত) সদয় অবগতির জন্য
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
- ৪) প্রধান প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ফোকাল পয়েন্ট
- ৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
- ৬) সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-....., (সকল) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও সভাপতি, সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিটি। (“করোনা ভাইরাস পরিস্থিতিতে সৃষ্ট দুর্যোগে বিশেষ মানবিক সহায়তা বাস্তবায়ন নির্দেশিকা-২০২০” যথাযথভাবে অনুসরণ করে “সিটি কর্পোরেশন ওয়ার্ড মানবিক সহায়তা কমিটি”র মাধ্যমে উপকারভোগীদের তালিকা জরুরি ভিত্তিতে প্রণয়ন করার জন্য অনুরোধ করা হলো।
- ৭) বিভাগীয় প্রধান ডিএনসিসি
- ৮) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) (তালিকা প্রণয়ন কাজে ওয়ার্ড কমিটি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক সমন্বয় সাধনের জন্য অনুরোধ করা হলো)
- ৯) মেয়রের একান্ত সচিব, মেয়রের দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
- ১০) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ডেপুটি ফোকাল পয়েন্ট।
- ১১) অফিস কপি, ।

২৪-৪-২০২০

মোঃ আবদুল হাই
প্রধান নির্বাহী কর্মকর্তা